## মঞ্জুরি নং-২১

# ১২৪-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

### মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| পরিচালন ব্যয় | ২৪০০৪,৮৪,০০ | ২৬১৬৫,২৮,০০ | ২৮৫২০,১৫,০০ |
| উন্নয়ন ব্যয় | ১১৩৯৮,১৬,০০ | ১২৪২৩,৯৯,০০ | ১৩৫৪২,১৫,০০ |
| **মোট** | **৩৫৪০৩,০০,০০** | **৩৮৫৮৯,২৭,০০** | **৪২০৬২,৩০,০০** |
| | | | |
| আবর্তক | ২৬৯২৮,৭৫,৫১ | ২৬৩৯০,৬৪,৬৩ | ২৮৫০৩,৮৬,১১ |
| মূলধন | ৮৪৭৪,২৪,৪৯ | ১২১৯৮,৬২,৩৭ | ১৩৫৫৮,৪৩,৮৯ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৩৫৪০৩,০০,০০** | **৩৮৫৮৯,২৭,০০** | **৪২০৬২,৩০,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগত মান উন্নয়নের মাধ্যমে সবার জন্য প্রাথমিক, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক আইন, নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

১.২.২ একীভূত ও প্রযুক্তি নির্ভর প্রাথমিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;

১.২.৩ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিবীক্ষণ ও মূল্যায়ন;

১.২.৪ উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন;

১.২.৫ প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন;

১.২.৬ প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষাস্তরের শিক্ষাক্রম পরিমার্জন, পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ এবং বিতরণ;

১.২.৭ হতদরিদ্র ও সুবিধাবঞ্চিত শিশু কিশোরদের জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;

১.২.৮ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের রেজিস্ট্রেশন প্রদান ও নিয়ন্ত্রনমূলক কার্যক্রম;

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | • বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ এবংবিদ্যালয় মেরামত ও সংস্কার<br>• ওয়াশ-ব্লকনির্মাণ ও নলকূপ স্থাপন | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ<br>• শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান<br>• দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম<br>• সকল শিক্ষার্থীর জন্য সময়মত বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ | |
| | • সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন | • বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট |
| • মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | • তারুন্যের উৎসবের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজন<br>• ৫ম শ্রেণির পাঠ শেষে বৃত্তি/সমাপনী পরীক্ষা গ্রহণ<br>• পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকগণকে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান<br>• প্রাথমিক পর্যায়ে আইসিটি ভিত্তিক শিক্ষা কার্যক্রম প্রচলন<br>• মা ও অভিভাবক সমাবেশের আয়োজন<br>• মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন<br>• “এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস” প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| | • প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের পেশাগত প্রশিক্ষণ<br>• শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণ (বি.টি.পি.টি) এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ<br>• বিদ্যালয় ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ<br>• গবেষণা | • জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) |
| • উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ | • বিদ্যালয় বহির্ভূত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম<br>• বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষা<br>• ‘কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ -প্রাক) (বৃত্তিমূলক পর্যায়’ শীর্ষক কোর্স বাস্তবায়ন | • উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো |
| • প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ এবং আইসিটি ব্যবস্থাপনার প্রবর্তন | • ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে School Level Improvement Plan (SLIP) বাস্তবায়ন | • প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বিনা মূল্যে বই বিতরণ, উপবৃত্তি প্রদান, স্কুল ফিডিং কার্যক্রম পরিচালনা, শিক্ষাভাতা ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে দরিদ্র পরিবারের শিশুদের প্রাথমিক শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি হচ্ছে। ফলে দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক

অবস্থার উন্নয়ন ঘটছে, যা দারিদ্র্য নিরসনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। শিক্ষা অবকাঠামো উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** পিইডিপি-৪ এর মাধ্যমে ৫০০০০ চাহিদাভিত্তিক নতুন শ্রেণিকক্ষ নির্মাণ ও অন্য ২টি প্রকল্পের আওতায় ৬৫০০০ অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ এবং প্রতিবছর ৪৫০০০ বিদ্যালয় সংস্কারের মাধ্যমে প্রায় ২ কোটি ছাত্র-ছাত্রী উপকৃত হবে। ১ কোটি ৩০ লক্ষ ছাত্র-ছাত্রীকে উপবৃত্তি প্রদান যেহেতু প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মোট সুফলভোগীর অর্ধেকই ছাত্রী, তাই এসকল কর্মসূচি সরকারি সম্পদ ও সেবা প্রাপ্তি, শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তিসহ নারী উন্নয়নের সকল সূচকের উন্নয়নে প্রভূত ভূমিকা রাখছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব**: উপকূলীয় অঞ্চলে নির্মিত সাইক্লোন সেন্টার কাম বিদ্যালয় দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে, যা জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত অভিযোজনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এছাড়া জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত এলাকায় মেরামত সংক্রান্ত খাত হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

### ৩.১.২ মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে আইসিটিসহ বিশেষ করে ইংরেজি ও গণিত বিষয়ে শিক্ষকদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এতে শিক্ষকদের আইসিটি ও ইংরেজীতে দক্ষতা বৃদ্ধি পাচ্ছে যা তাদের পেশা জীবনের বাইরে অবসর সময়ে অতিরিক্ত আয়ের সুযোগ সৃষ্টি করছে। তাছাড়া, প্রাথমিক শিক্ষার অবকাঠামো উন্নয়নের ফলে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। এসব কর্মসূচী দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচির মধ্যে অন্যতম হচ্ছে শিক্ষক প্রশিক্ষণ। বছরে গড়ে ১৫০০০ শিক্ষক মৌলিক (বি.টি.পি.টি) প্রশিক্ষণ পাচ্ছেন। প্রতিবছর শিক্ষকদের আইসিটিসহ বিষয়ভিত্তিক নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এতে পাঠদানে শিক্ষক বিশেষ করে নারী শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। এ সকল কর্মসূচির মাধ্যমে নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধি, আয়বর্ধনসহ সমাজের সকল ক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** জলবায়ু পরিবর্তন নিয়ে প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে অধ্যায় সংযুক্ত করা আছে, যা পঠন ও অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীরা জলবায়ু পরিবর্তন সম্পর্কে ধারণা লাভ করছে।

### ৩.১.৩ উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের দক্ষতাকেন্দ্রিক সাক্ষরতা এবং ১৯-২৪ বছর বয়সী শিক্ষার্থীকে জীবিকায়ন দক্ষতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মক্ষম করে তোলা হবে যা দারিদ্র্য নিরসনে সহায়ক ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** সাক্ষরতা শিক্ষা কার্যক্রমের ৪৫ লক্ষ সুফল ভোগীর অর্ধেকই মহিলা। ফলে এ কর্মসূচি নারীর অর্থনৈতিক উন্নয়নের উপর ব্যাপক প্রভাব রাখবে এবং শিক্ষা বঞ্চিত নারীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও আয়বর্ধন কর্মে নারীর অংশগ্রহণ বৃদ্ধিতে ভূমিকা রাখবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব**: : জলবায়ু পরিবর্তনের বিষয়ের উপর ধারণা প্রদানের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব, করণীয় ও কৌশল নির্ধারণে স্বাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে।

### ৩.১.৪ প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বিদ্যালয় ম্যানেজিং কমিটির মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে কার্যক্রম গ্রহন করা হয়েছে যেমন: উপবৃত্তি ও স্কুল ফিডিং কার্যক্রম। স্লিপ ফান্ডের মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন কার্যক্রমের সাথে স্থানীয় জনগণ সম্পৃক্ত থাকে বিধায় দারিদ্র্য নিরসনে ভূমিকা রাখছে। স্কুল ফিডিং এর মাধ্যমে স্থানীয় উদ্যোক্তা সৃষ্টিতে ভূমিকা রাখছে। বিশেষ করে, স্কুল মিলের প্রয়োজনীয় উপকরণ যেমন: বান, ডিম, দুধ ও কলা স্থানীয়ভাবে সংগ্রহ করা হয়, ফলে দারিদ্র্য নিরসনে সরাসরি ভূমিকা রাখছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** স্কুল ম্যানেজিং কমিটিতে একজন নারী অভিভাবক প্রতিনিধি থাকায় স্কুল পরিচালনায় নারীদের চিন্তা-চেতনার প্রতিফলন হচ্ছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** প্রাথমিক শিক্ষা বিকেন্দ্রীকরণের ফলে জলবায়ু পরিবর্তনের নিমিত্ত সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচিতে স্থানীয় জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিত হচ্ছে।

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ৩০৮৭৮,৭৫,০১ | ৪০২১৬,৫২,০২ | ৪০২১৬,৫২,০২ |
| নারী উন্নয়ন | ২১৭৬০,২৬,৪১ | ২১৯২৬,৯৫,৬৬ | ২১৯২৬,৯৫,৬৬ |
| জলবায়ু পরিবর্তন | ১৩৫৪,৮৫,০০ | ১৪৯০,৩৩,৫০ | ১৬৩৯,৩৬,৮৫ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. শিক্ষক-শিক্ষিকার দক্ষতা উন্নয়ন**<br>শিক্ষার গুণগতমান উন্নয়নে ছাত্র-শিক্ষকের অনুপাত যথাযথ পর্যায়ে (১:৩০) বজায় রাখা বাঞ্ছনীয়। বর্তমানে শিক্ষক শিক্ষার্থীর অনুপাত হচ্ছে ১:২৯। তবে শিক্ষক নিয়োগই একমাত্র বিষয় নয় বরং শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য প্রয়োজন প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকমন্ডলী। প্রাথমিক শিক্ষায় নিয়োজিত শিক্ষকদের বি.টি.পি.টি প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত করে শিক্ষার গুণগতমান উন্নয়নে প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এ বিবেচনায়ই প্রশিক্ষণ কর্মসূচিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ<br>• মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ |
| **২. নতুন বিদ্যালয় স্থাপন, বিদ্যমান অবকাঠামো সম্প্রসারণ, পুনর্নির্মাণ, মেরামত ও সংস্কার**<br>শিশু-বান্ধব অবকাঠামো শিক্ষার গুণগতমান উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখে। তাছাড়া, জলবায়ু সংবেদনশীল অবকাঠামো জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলার সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে টেকসই শিক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করে। কয়েক যুগ পূর্বে নির্মিত বিদ্যালয়গুলোর অবকাঠামোসমূহ পুনর্নির্মাণ-মেরামত ও সংস্কারের মাধ্যমে শিশুদের জন্য শিশুবান্ধব অবকাঠামো নিশ্চিতকরণ প্রয়োজন। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ<br>• মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ |
| **৩. স্কুল ফিডিং কর্মসূচি**<br>দরিদ্র প্রান্তিক পরিবারের ছাত্র-ছাত্রী, সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাচক্রের সমাপ্তি, উপস্থিতির হার বৃদ্ধি, তাদের ঝরে পড়ার প্রবণতা রোধ এবং পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে এ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |
| **৪. দরিদ্র শিক্ষার্থীদেরকে উপবৃত্তি/শিক্ষা ভাতা প্রদান**<br>দরিদ্র ও প্রান্তিক পরিবারের ছাত্র-ছাত্রী, সুবিধাবঞ্চিত এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাচক্রের সমাপ্তি, উপস্থিতির হার বৃদ্ধি এবং তাদের ঝরে পড়ার প্রবণতা রোধ করার লক্ষ্যে উপবৃত্তি এবং শিক্ষা ভাতা প্রদান করা হয়ে থাকে। এ শিক্ষা ভাতা, উপবৃত্তি প্রদানের ফলে নীট ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি এবং ঝরে পড়া ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাবে। | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |
| **৫. সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার প্রচলন**<br>গ্রাম ও শহরের মধ্যে শিক্ষার মানের বৈষম্য দূরীকরণের লক্ষ্যে এবং প্রাথমিক শিক্ষায় গুণগত মান অর্জনের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি চালু করা হয়েছে। মানের সমতাকরণ ও ব্যাপক উন্নয়ন ঘটানো সম্ভব হবে। এ কারণে এ | • সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| কর্মকান্ডকে অগ্রাধিকার দেয়া হয়েছে। | |
| **৬. নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রম**<br>নিরক্ষরতা দূরীকরণ ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা কার্যক্রম, বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষা ও দক্ষতাকেন্দ্রিক সাক্ষরতা কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৫-২৬ হতে ২০২৭-২৮)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ৩০৯৬,৭৮,০০ | ১৫৬,৩৯,১১ | ৫৮৫৩,৫৫,০০ | ১১৭৬৬,৮৬,০০ | ১৩৪৬৯,০৯,৬৩ |
| প্রধান কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ১৫৫৩৩,৪২,০০ | ১৪৯৯৬,৩০,০০ | ৮১২৬,৪৯,০০ | ৩৪৭১,৩৯,০০ | ৩১৪০,৫৮,৩৭ |
| বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ | ১০,৪০,০০ | ১০,৩৮,৮৩ | ১০,৯৮,০০ | ১১,৯৭,০০ | ১৩,০৪,০০ |
| জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ | ৫৭,৪৭,০০ | ৫৫,৪৫,৮৪ | ৬০,১৬,০০ | ৬৫,৫৭,০০ | ৭১,৪৮,০০ |
| উপজেলা শিক্ষা অফিসসমূহ | ৩৪৩,৩৮,০০ | ৩৩৯,৪৭,২৭ | ৩৫৬,৮১,০০ | ৩৮৮,৯৩,০০ | ৪২৩,৯২,০০ |
| মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ | ১৭,০৫,০০ | ১৬,৭৩,০২ | ১৭,৯৯,০০ | ১৯,৬০,০০ | ২১,৩৭,০০ |
| উপজেলা রিসোর্স সেন্টারসমূহ | ১০১,৮৬,০০ | ১০১,৯৬,৭৩ | ১০৬,২০,০০ | ১১৫,৭৬,০০ | ১২৬,১৮,০০ |
| থানা রিসোর্স সেন্টারসমূহ | ৬,৩৩,০০ | ৬,০৪,৯৪ | ৬,৬৮,০০ | ৭,২৮,০০ | ৭,৯৪,০০ |
| প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ | ১১৩,০৮,০০ | ১১২,১২,৭২ | ১১৮,৭৫,০০ | ১২৯,৪৪,০০ | ১৪১,০৯,০০ |
| সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ১৯৩৯০,১৭,০০ | ১৯২১৫,৫৯,৭৫ | ২০৬০৫,৩৮,০০ | ২২৪৫৯,৮৬,০০ | ২৪৪৮১,২৫,০০ |
| প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ১৩১,৩৫,০০ | ৫৭,৪৪,১০ | ৭৮,৪৫,৩৫ | ১৯,৭৩,০০ | ২১,৫০,০০ |
| জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ১৭,৯৮,০০ | ১৬,৩১,৮২ | ১৮,৩১,০০ | ১৯,৯৬,০০ | ২১,৭৫,০০ |
| উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ০ | ৩৮,৯৫,০০ | ৪৩,২৪,৬৫ | ১১২,৯২,০০ | ১২৩,১০,০০ |
| **সর্বমোট :** | **৩৮৮১৯,২৭,০০** | **৩৫১২৩,১৯,১৩** | **৩৫৪০৩,০০,০০** | **৩৮৫৮৯,২৭,০০** | **৪২০৬২,৩০,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১৯৭৬০,৭৯,২৯ | ১৯৯৮৯,৩৩,৭৬ | ২০১২৮,৫৬,৭৪ | ২১৯৯৪,৮৮,৬৮ | ২৪০২৫,৯৩,৪১ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ১১৫৯,৯০,১২ | ৮৪৫,২১,৬৩ | ১০৭০,৮৩,৯৭ | ১০৭১,১০,৬৫ | ১১২৮,১৬,২৮ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৬৮,৫৭,৬৫ | ৪৮,৭৩,৩৯ | ৩৭,৫৯,৬১ | ৪৯,০৭,৩৭ | ৫০,০৫,১৩ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৬২৮,৬০,৭৭ | ৪১৫,৯১,০৪ | ৯১,০৭,২৯ | ৩৪,০৪,৫৮ | ২৫,৪২,১৫ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৩৫,৯৭,৪২ | ৩৫,৮৩,৮৭ | ৩,০৮,৪০ | ২০,৬৮,১৮ | ২১,৭৬,৩৬ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৪৮,৯৩,৬৫ | ৪০,২৯,৮৬ | ৫৩,৭৫,৩৯ | ৫৮,০৭,৮০ | ৬২,৬২,৯৯ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ৫৭,৫২ | ০ | ১৫,২৯,০০ | ০ | ০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ১,৯২,৪১ | ৯৯,৫০ | ৩২,৫০ | ২৯,০০ | ৩০,০০ |
| ৩২৫৪ | খাদ্য সরবরাহ | ০ | ০ | ২১৩২,৪৬,৫৪ | ০ | ০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৬৪৫,৬৬,০২ | ৫৭৬,৯১,১৯ | ৭৭১,৭২,৮১ | ৭৯৫,৬৮,৩৫ | ৮৬৩,৬৩,২৯ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ১৩,২৬,৬২ | ৪,৬২,৩৭ | ২,৯৮,৮০ | ১,৬৩,৮৭ | ২,০৮,১৭ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৯১৯,৫৭,৪৪ | ৮২৫,১৩,৯৮ | ৪৮২,১৯,৫৫ | ৮৩,২৪,৪৩ | ৮৮,৭৫,১৯ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৫৪০,৬৫,৪১ | ২৪৯,৫০,২৪ | ১২৩,৮২,৯২ | ১০৬,৮০,৮০ | ১০৬,৭৬,৪৭ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৮৩৫,৫৮,১৭ | ৪১০,৭৫,৯৩ | ৮০,৯৯,৫০ | ৭৪,৫৪,০০ | ৭৯,০৮,৬৯ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৩৯,৫৭ | ৩১,৯০ | ৫২,০০ | ৪৬,০০ | ৪৩,৩১ |
| ৩৭২২ | অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি | ৪৫,১১,০০ | ৫০,১৬,০০ | ১৪৪,০০,০০ | ২১৮,৯৬,৪৯ | ০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ১৯১৬,২৩,১৭ | ১৯১১,০৪,৭৪ | ১৭২৭,৩৫,০৬ | ১৮৮১,০৪,৪৩ | ২০৪৮,৭৪,৬৭ |
| ৩৯১১ | সংরক্ষিত | ২৩৯,২৩,১৫ | ১২,৫৮ | ৬২,১৫,৪৩ | ১০,০০ | ১০,০০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **২৬৮৬০,৯৯,৩৮** | **২৫৪০৪,৯১,৯৮** | **২৬৯২৮,৭৫,৫১** | **২৬৩৯০,৬৪,৬৩** | ২৮৫০৩,৮৬,১১ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৮১১৬,৭৮,৪০ | ৮৯৪৯,২২,৬০ | ২০১৪,৪৫,২৪ | ৫০৬,৭২,৫১ | ১৮৪,৮৮,০০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৯৬৭,০৭,৮১ | ৭১১,০৫,২৮ | ৮৬৪,৭৮,৭৫ | ৮২,০৯,১৪ | ১৫,৫৬,২৬ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ২৫,৭১,৭৭ | ২৬,১৩,৭৭ | ২৭,৫০ | ২৪,০০ | ২৭,০০ |
| ৪১৪১ | ভূমি | ৩১,৮৬,৬৪ | ৩১,৮৫,৫০ | ০ | ০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ২৮১৬,৮৩,০০ | ০ | ৫৫৯৪,৭৩,০০ | ১১৬০৯,৫৬,৭২ | ১৩৩৫৭,৭২,৬৩ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **১১৯৫৮,২৭,৬২** | **৯৭১৮,২৭,১৫** | **৮৪৭৪,২৪,৪৯** | **১২১৯৮,৬২,৩৭** | ১৩৫৫৮,৪৩,৮৯ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **৩৮৮১৯,২৭,০০** | **৩৫১২৩,১৯,১৩** | **৩৫৪০৩,০০,০০** | **৩৮৫৮৯,২৭,০০** | ৪২০৬২,৩০,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ | | ৮ | ৯ | ১০ |
| ১. স্কুল ভর্তির হার (গ্রস) | ১ | % | ১০৫ | ১০৪.৫৩ | ১০৫ | | ১০৫ | ১০৫ | ১০৫ |
| ২. নীট ভর্তির হার | ১ | % | ৯৮ | ৯৭.৭৬ | ৯৮.৫ | | ৯৯ | ৯৯ | ৯৯ |
| ৩. উপস্থিতির হার | ১,২ | % | ৭৯ | ৮৩.৫ | ৮২ | | ৮২ | ৮৩ | ৮৬ |
| ৪. শিক্ষা সমাপনের হার | ১,২ | % | ৮৮ | ৮৬.৮৫ | ৯৬ | | ৯৭ | ৯৭ | ৯৮ |
| ৫. ৫ম শ্রেণি হতে ৬ষ্ঠ শ্রেণিতে উত্তরণের হার | ১,২ | % | ৯৪.৫ | ৯৪ | ৯৬ | | ৯৬ | ৯৬ | ৯৭ |
| ৬. শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত | ১,২ | অনুপাত | ১:৩৩ | ১.২৯ | ১:২৯ | | ১:২৯ | ১:২৯ | ১.২৯ |
| ৭. সাক্ষরতার হার (১৫+) | ৩ | % | ৭৬.০ | ৭৫.৬ | ৭৬.৫ | | ৭৭.০০ | ৭৭.৫০ | ৭৮.৫০ |

** Bangladesh Sample Vital Statistics 2023 অনুযায়ী।

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন ১২টি পিটিআই স্থাপন করা হয়েছে। সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ এবং আন্তর্জাতিক সাক্ষরতা দিবস অত্যন্ত সফলভাবে পালন করা হয়েছে।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রযোজ্য নয়। | | | | | | | | | | |

#### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২৪০১০১ - সচিবালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | ১২,৫৭,৬৪ | ২৩,২৭,০০ | ১৯,২৫,৬০ | ২৬,৬২,০০ | ২৯,০৩,০০ | ৩১,৬৩,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১২,৫৭,৬৪** | **২৩,২৭,০০** | **১৯,২৫,৬০** | **২৬,৬২,০০** | **২৯,০৩,০০** | **৩১,৬৩,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০১৪১১ - বাস্তবায়ন এবং মনিটরিং সেল | - | ০ | ৪৫,১১,০০ | ০ | ০ | ০ | ০ |
| ১২০০০১৪১২ - শিক্ষা সপ্তাহ | - | ৫০,০০ | ৪৭,০০ | ৪৭,০০ | ৫০,০০ | ৫৪,০০ | ৫৯,০০ |
| ১২০০০৮৪২১ - গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম | | ০ | ১০,০০ | ০ | ১০,০০ | ১১,০০ | ১২,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **৫০,০০** | **৪৫,৬৮,০০** | **৪৭,০০** | **৬০,০০** | **৬৫,০০** | **৭১,০০** |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩২০১১৬০০ - শিশু কল্যাণ ট্রাস্ট | - | ৩১,৩৬,৯০ | ৪৮,০০,০০ | ৪৭,৪১,৪৮ | ৫২,৮৭,০০ | ৫৭,৬৩,০০ | ৬২,৮১,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৩১,৩৬,৯০** | **৪৮,০০,০০** | **৪৭,৪১,৪৮** | **৫২,৮৭,০০** | **৫৭,৬৩,০০** | **৬২,৮১,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৪৪,৪৪,৫৪** | **১১৬,৯৫,০০** | **৬৭,১৪,০৮** | **৮০,০৯,০০** | **৮৭,৩১,০০** | **৯৫,১৫,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১২৪ - প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | - | ০ | ২৮১৬,৮৩,০০ | ০ | ৫৫৯৪,৭৩,০০ | ১১৬০৯,৫৬,৭২ | ১৩৩৫৭,৭২,৬৩ |
| ২২৪২৯৪৩০০ - *প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (চতুর্থ পর্যায়)(০১/০৭/২০১৯ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১-৩ | ০ | ১৫০,০০,০০ | ৭৭,২৮,০০ | ১৫৫,০৮,০০ | ৫৫,১০,২৮ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **২৯৬৬,৮৩,০০** | **৭৭,২৮,০০** | **৫৭৪৯,৮১,০০** | **১১৬৬৪,৬৭,০০** | **১৩৩৫৭,৭২,৬৩** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **২৯৬৬,৮৩,০০** | **৭৭,২৮,০০** | **৫৭৪৯,৮১,০০** | **১১৬৬৪,৬৭,০০** | **১৩৩৫৭,৭২,৬৩** |
| মোট : | | **৪৪,৪৪,৫৪** | **৩০৮৩,৭৮,০০** | **১৪৪,৪২,০৮** | **৫৮২৯,৯০,০০** | **১১৭৫১,৯৮,০০** | **১৩৪৫২,৮৭,৬৩** |

### ৬.২ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** দেশের সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষা অর্জন সহজতর করার জন্যে শ্রেণিকক্ষের শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত হ্রাস করতে ২০২৪ সালে পার্বত্য জেলা ব্যতীত অন্য ৪০টি জেলায় ৭৯৫৩ জন নতুন শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। পার্বত্য জেলাগুলোতেও চাহিদা অনুযায়ী শিক্ষক নিয়োগ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ ও সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি

করানো এবং ঝরে পড়া রোধের লক্ষ্যে ১ কোটি ০৮ লক্ষ শিক্ষার্থীর জন্য মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে শিক্ষার্থীর মায়েদের/ অভিভাবকদের হাতে উপবৃত্তি প্রদান করা হয়েছে। ২৯ লক্ষ শিক্ষার্থীকে স্কুল ফিডিং কর্মসূচিভুক্ত করা হয়েছে। শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা' (স্লিপ) কার্যক্রমের আওতায় ৪টি ক্যাটাগরীতে বিদ্যালয় প্রতি ৫০ হাজার থেকে ২.৫ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ৬৭টি পিটিআই এর প্রতিটিতে একটি করে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। পরীক্ষণ বিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগ করা হয়েছে। এছাড়াও বিদ্যালয়ের পাঠদান পরিবেশ উন্নয়নের লক্ষ্যে ৭৩,৩৮৫টি অতিরিক্ত শ্রেণিকক্ষ, বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য ৬৭,৬২০টি আর্সেনিকমুক্ত টিউবওয়েল স্থাপন করা হয়েছে। ৮৩,৯৮১টি ওয়াশব্লক নির্মিত হয়েছে এবং মাঠ পর্যায়ের ৭,৫৫৪টি কার্যালয় মেরামত করা হয়েছে। এসব উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের ফলে বিদ্যালয় গমনোপযোগী (৫-১০বছর) শিশুর নীট ভর্তির হার ২০১৩ সালের ৯৭.৩০% হতে বৃদ্ধি পেয়ে বর্তমানে প্রায় ৯৮% এ উন্নীত হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ছাত্রের অনুপাত হ্রাস পেয়ে ১:২৯ হয়েছে এবং ছাত্র উপস্থিতির হার প্রায় ৮৫% এ উন্নীত হয়েছে। এছাড়া ৫ বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা চক্রে ঝড়ে পড়ার হার কমে ১৩.১৫% হয়েছে।

## ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ | নিয়োগকৃত শিক্ষক | ১ | সংখ্যা (হাজার) | ৭.৪ | ৭.৯৫ | ১১.৯ | | ১১.৭ | ১১.৮ | ১১.৯ |
| ২. বিদ্যালয়ের শ্রেণীকক্ষ নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ এবং বিদ্যালয় মেরামত ও সংস্কার | অতিরিক্ত নির্মিত শ্রেণিকক্ষ | ১ | সংখ্যা (হাজার) | ১২ | ১২.৫ | ২০ | ১২ | ২০ | ২০ | ১০ |
| | মেরামত ও সংস্কারকৃত স্কুল | | | ৪২ | ১৫.৩ | ২০ | ১৫ | ২০ | ১৫ | ২০ |
| ৩. ওয়াশ-ব্লক ও নলকূপ স্থাপন | নতুন নির্মিত ওয়াশ-ব্লক | ১ | সংখ্যা (হাজার) | ৮ | ১৬.৫ | ১৫ | ১০ | ১০ | ১০ | ১০ |
| | স্থাপিত নলকূপ | | | ৭ | ৫ | ৫ | ৩ | ৩ | ৮ | ১০ |
| ৪. শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান | উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | ১ | সংখ্যা (লক্ষ) | ১১২.০০ | ১০৮.০০ | ১১৬.০০ | ১১৪.০০ | ১১৬.০০ | ১১৬.০০ | ১১৬.০০ |
| ৫. দারিদ্র্য পীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | স্কুল ফিডিং কর্মসূচির আওতাভূক্ত শিক্ষার্থী | ১ | সংখ্যা (লক্ষ) | - | | ৫০ | ৩২ | ৩২ | ৬৫ | ৬৫ |
| ৬. সকলের জন্য বিনামূল্যে সময়মত পাঠ্য পুস্তক সরবরাহ | বিতরণকৃত পাঠ্য পুস্তক | ১ | সংখ্যা (কোটি) | ১১ | ৯.৬ | ১১ | ৯.৬ | ১০ | ১০ | ১০ |
| ৭. মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন | বিদ্যালয় পরিদর্শন | ২ | সংখ্যা (লক্ষ) | ৩.০ | ৩.০ | ৩.০ | | ৩.৩ | ৩.৩ | ৩.৪ |
| ৮. ৫ম শ্রেণীর পাঠ শেষে সমাপনী পরীক্ষা গ্রহণ | উত্তীর্ণ শিক্ষার্থীর হার | ২ | শতকরা হার | - | | ৯৭ | | ৯৮ | ৯৮ | |
| ৯. প্রাথমিক পর্যায়ে আইসিটিভিত্তিক শিক্ষা কার্যক্রম প্রচলন | ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণকারী বিদ্যালয় | ২ | সংখ্যা হাজার | ৬২ | | ৬৫.৫ | | ৬৫.৫ | ৬৫.৫ | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১০. তারণ্য উৎসবের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট আয়োজন | ফুটবল টুর্নামেন্ট | ২ | অংশগ্রহণ কারী শিক্ষার্থী সংখ্যা সংখ্যা | ২২.৫ | ২২.৫ | ২৩ | ২৩ | ২৩ | ২৩ | ২৩ |
| ১১. পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/শিক্ষকদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান | বিদেশ হতে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা | ২ | সংখ্যা | - | | ১০০০০ | | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ১২. মা/অভিভাবক সমাবেশ আয়োজন | মা/অভিভাবক সমাবেশ | ২ | সংখ্যা | ৬৪ | ৫২ | ৬৪ | ১২ | ৬৪ | ৬৪ | ৬৪ |
| ১৩. "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস | ২ | সংখ্যা | ১০০০০০ | | ১০০০০০ | | ১৫০০০০ | ১৫০০০০ | ১৫০০০০ |
| ১৪. ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে School Level Improvement Plan (SLIP) বাস্তবায়ন | স্লিপ বরাদ্দ | ৪ | সংখ্যা | ৬৫০০০ | ৬৫৫৩৬ | ৬৫০০০ | ৬৫৫৩১ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ |

* নোটঃ যে সকল কার্যক্রমের বিপরীতে মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নেই সেগুলো প্রকল্পভিত্তিক কার্যক্রম এবং প্রকল্প সমাপ্তির শেষে কোন মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা নেই।

### ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২৪০২০১ - প্রধান কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ১-১৪ | ৮৯,১৪,৭৭ | ১৩৭,৪৮,০০ | ১১৩,১৪,০০ | ১৬৯,৬৫,০০ | ১৯৫,৮২,০০ | ২১৩,৪৪,০০ |
| ১২৪০২০২ - বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ | ১-১৪ | ৫,৪৮,৪২ | ১০,৪০,০০ | ১০,৩৮,৮৩ | ১০,৯৮,০০ | ১১,৯৭,০০ | ১৩,০৪,০০ |
| ১২৪০২০৩ - জেলা প্রাথমিক শিক্ষা অফিসসমূহ | ১-১৪ | ৪৩,৭০,৮৫ | ৫৭,৪৭,০০ | ৫৫,৪৫,৮৪ | ৬০,১৬,০০ | ৬৫,৫৭,০০ | ৭১,৪৮,০০ |
| ১২৪০২০৪ - উপজেলা শিক্ষা অফিসসমূহ | ১-১৪ | ২২৪,৯৭,০৫ | ৩৪৩,৩৮,০০ | ৩৩৯,৪৭,২৭ | ৩৫৬,৮১,০০ | ৩৮৮,৯৩,০০ | ৪২৩,৯২,০০ |
| ১২৪০২০৫ - মেট্রোপলিটান থানা শিক্ষা অফিসসমূহ | ১-১৪ | ৯,৯৯,৪২ | ১৭,০৫,০০ | ১৬,৭৩,০২ | ১৭,৯৯,০০ | ১৯,৬০,০০ | ২১,৩৭,০০ |
| ১২৪০২০৬ - উপজেলা রিসোর্স সেন্টারসমূহ | ১-১৪ | ৮০,৬৯,৪২ | ১০১,৮৬,০০ | ১০১,৯৬,৭৩ | ১০৬,২০,০০ | ১১৫,৭৬,০০ | ১২৬,১৮,০০ |
| ১২৪০২০৭ - থানা রিসোর্স সেন্টারসমূহ | ১-১৪ | ৪,৯৩,১৬ | ৬,৩৩,০০ | ৬,০৪,৯৪ | ৬,৬৮,০০ | ৭,২৮,০০ | ৭,৯৪,০০ |
| ১২৪০২০৮ - প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ | ১-১৪ | ৭৫,৫২,৮০ | ১১৩,০৮,০০ | ১১২,১২,৭২ | ১১৮,৭৫,০০ | ১২৯,৪৪,০০ | ১৪১,০৯,০০ |
| ১২৪০২০৯ - সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ | ১-১৪ | ১৪৮৯২,৮৫,৬০ | ১৯৩৯০,১৭,০০ | ১৯২১৫,৫৯,৭৫ | ২০৬০৫,৩৮,০০ | ২২৪৫৯,৮৬,০০ | ২৪৪৮১,২৫,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৫৪২৭,৩১,৪৯** | **২০১৭৭,২২,০০** | **১৯৯৭০,৯৩,১০** | **২১৪৫২,৬০,০০** | **২৩৩৯৪,২৩,০০** | **২৫৪৯৯,৭১,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০১৪১৩ - বিনামূল্যে পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ | ৭ | ৩৬৫,৯২,২৬ | ৪৪৭,১০,০০ | ৪৪৪,১০,০০ | ৬২২,৭৬,০০ | ৬৭৮,৮০,০০ | ৭৩৯,৯০,০০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১২০০০১৪১৫ - প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি | ৪ | ১৬৯৬,৫৬,৮৪ | ১৭৮৫,০০,০০ | ১৭৮৫,০০,০০ | ১৬৭৫,৭৩,০০ | ১৮২৬,৫৫,০০ | ১৯৯০,৯৪,০০ |
| ১২০০০১৪১৬ - প্রাথমিক বৃত্তি পরীক্ষা | ৪ | ০ | ১০,০০,০০ | ০ | ১০,০০,০০ | ১০,৯০,০০ | ১১,৮৮,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **২০৬২,৪৯,১০** | **২২৪২,১০,০০** | **২২২৯,১০,০০** | **২৩০৮,৪৯,০০** | **২৫১৬,২৫,০০** | **২৭৪২,৭২,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৭৪৮৯,৮০,৫৯** | **২২৪১৯,৩২,০০** | **২২২০০,০৩,১০** | **২৩৭৬১,০৯,০০** | **২৫৯১০,৪৮,০০** | **২৮২৪২,৪৩,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪০১০৫০০ - চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (০১/০৭/২০১৬ হতে ৩১/১২/২০২৫) অনুমোদিত | ১,২ | ৫৪৬,৫২,৭১ | ১২৫০,০০,০০ | ৯৮৬,২০,০০ | ১০৮৫,০৪,০০ | ০ | ০ |
| ২২৪০১০৬০০ - চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (০১/০৭/২০১৬ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১,২ | ২৯৭,৮৩,২৭ | ৪৮৫,৮৭,০০ | ৩৬৬,৫২,০০ | ০ | ০ | ০ |
| ২২৪২৩৭৯০০ - *চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১-২ | ৫৩১০,২৩,৩৩ | ১১০৫৫,৯৭,০০ | ১০৮৭৬,৪৬,০০ | ১৫৩৭,৪৯,০০ | ০ | ০ |
| ২২৪৩০১৬০০ - প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন(০১/০৩/২০১৯ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | ১-২ | ৯,৩৫,৮৯ | ৫২,০০,০০ | ১৩,৮৫,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩০৫১০০ - ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ (০১/০১/২০২০ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ১-২ | ১৯,৬৫,১৬ | ৩০০,০০,০০ | ১৫৭,২৭,০০ | ৪৫০,০০,০০ | ৪৫০,০০,০০ | ১৮৪,৪২,৩৭ |
| ২২৪৩৯০২০০ - কুড়িগ্রাম জেলায় রৌমারী পিটিআই স্থাপন শীর্ষক প্রকল্প (০১/০৭/২০২৩ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ১-২ | ০ | ১০,০০,০০ | ১,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৪০৩২০০ - প্রি-প্রাইমারি এন্ড প্রাইমারি এডুকেশন ইমপ্রুভমেন্ট প্রোজেক্টস ইন কক্সবাজার এন্ড বান্দরবান ডিস্ট্রিক্টস এন্ড ভাসানচর অব নোয়াখালী (০১/০৭/২০২৪ - ৩০/০৬/২০২৭) | ১-২ | ০ | ০ | ২৫৩,৭৫,০০ | ৪১১,৭৭,০০ | ৩০৯,৩২,০০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৬১৮৩,৬০,৩৬** | **১৩১৫৩,৮৪,০০** | **১২৬৫৪,০৬,০০** | **৩৪৮৪,৩০,০০** | **৭৫৯,৩২,০০** | **১৮৪,৪২,৩৭** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৬১৮৩,৬০,৩৬** | **১৩১৫৩,৮৪,০০** | **১২৬৫৪,০৬,০০** | **৩৪৮৪,৩০,০০** | **৭৫৯,৩২,০০** | **১৮৪,৪২,৩৭** |
| মোট : | | **২৩৬৭৩,৪০,৯৫** | **৩৫৫৭৩,১৬,০০** | **৩৪৮৫৪,০৯,১০** | **২৭২৪৫,৩৯,০০** | **২৬৬৬৯,৮০,০০** | **২৮৪২৬,৮৫,৩৭** |

## ৬.৩ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** দেশের ১৫-৪৫ বছর বয়সী ৪৪.৬ লক্ষ নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষর জ্ঞানসম্পন্ন করে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এসকল নব্য সাক্ষর জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠীকে বিভিন্ন কর্মে দক্ষ করে তোলার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যালয় বর্হিভূত ৮-১৪ বছর বয়সী ১০ লক্ষ শিক্ষার্থীকে উপানুষ্ঠানিক শিক্ষা পদ্ধতির মাধ্যমে প্রাথমিক শিক্ষাকাল সম্পন্ন করে শিক্ষার মূলধারায় সম্পৃক্ত করার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। গত ৩০ জুন'২০২৩ তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের ৩য় গ্রেডের শিক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও নির্দেশকের লক্ষ্যমাত্রাঃ

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিদ্যালয় বহির্ভূত শিশুদের | স্বাক্ষরতা প্রাপ্ত কিশোর | ৩ | জন (লক্ষ) | ৬.৫০ | ৮.২০ | | | | | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম | কিশোরী | | | | | | | | | |
| ২. বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষা | মৌলিক শিক্ষা ও Pre-voc কোর্স সম্পন্নকারী কিশোর-কিশোরী | ৩ | জন | | | ২৪৯৬০ | | ৭৬৬০০ | ৭৬৬০০ | ৭৬৬০০ |
| ৩. 'কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ বৃত্তিমূল-প্রাক) (পর্যায়' শীর্ষক কোর্স বাস্তবায়ন | বৃত্তিমূলক প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা | ৩ | জন | | | ৫১২০ | | ৫১২০ | ৫১২০ | ৫১২০ |

## ৬.৩.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১২৪০৩০১ - প্রধান কার্যালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ১-৩ | ৮,৭১,৯৪ | ১১৬,৫০,০০ | ২৪,৭৭,১০ | ৭৮,৪৫,৩৫ | ১৯,৭৩,০০ | ২১,৫০,০০ |
| ১২৪০৩০২ - জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ১-৩ | ১৩,১৪,৪১ | ১৭,৯৮,০০ | ১৬,৩১,৮২ | ১৮,৩১,০০ | ১৯,৯৬,০০ | ২১,৭৫,০০ |
| ১২৪০৩০৩ - উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ | ১-৩ | ০ | ০ | ৩৮,৯৫,০০ | ৪৩,২৪,৬৫ | ১১২,৯২,০০ | ১২৩,১০,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **২১,৮৬,৩৫** | **১৩৪,৪৮,০০** | **৮০,০৩,৯২** | **১৪০,০১,০০** | **১৫২,৬১,০০** | **১৬৬,৩৫,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২১,৮৬,৩৫** | **১৩৪,৪৮,০০** | **৮০,০৩,৯২** | **১৪০,০১,০০** | **১৫২,৬১,০০** | **১৬৬,৩৫,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৩০৫০১০০ - বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা (০১/০৯/২০২৩ - ২৮/০২/২০২৫) অনুমোদিত | ১ | ০ | ১৪,৮৫,০০ | ৩২,৬৭,০০ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **১৪,৮৫,০০** | **৩২,৬৭,০০** | **০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **১৪,৮৫,০০** | **৩২,৬৭,০০** | **০** | **০** | **০** |
| মোট : | | **২১,৮৬,৩৫** | **১৪৯,৩৩,০০** | **১১২,৭০,৯২** | **১৪০,০১,০০** | **১৫২,৬১,০০** | **১৬৬,৩৫,০০** |

## ৬.৪ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন অর্থবছরে প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই), জেলা প্রাথমিক/উপজেলা শিক্ষা অফিস, উপজেলা রিসোর্স সেন্টার (ইউ.আর.সি) এবং নেপ এর সংশ্লিষ্ট সর্বমোট ৩,৭৮৩ জন কর্মকর্তাকে বুনিয়াদি, মৌলিক, ইনডাকশন, অফিস ও অর্থ ব্যবস্থাপনা, এসিআর, এসডিজি, শুদ্ধাচার, সামাজিক উদ্বুদ্ধকরণ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একই সময়ে ৭টি গবেষণা সম্পন্ন করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের ৩১,০৬৩ জন শিক্ষককে ডিপিএড ও বিটিপিটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও নির্দেশকের লক্ষ্যমাত্রা:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের পেশাগত প্রশিক্ষণ | প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা ও প্রধান শিক্ষকের সংখ্যা | ২ | জন (হাজার) | ২.০০ | ২.০০ | ৩.৯০ | ৩.২০ | ২.৫০ | ২.৭০ | ২.৭০ |
| ২. শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণ/বিটিপিটি প্রশিক্ষণ | পরিমার্জিত ডিপিএড প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | ২ | জন (হাজার) | ১.৯০ | ১.৯০ | ৬.৫০ | ৬.৫০ | ৭.০০ | ৭.০০ | ৭.০০ |
| ৩. বিদ্যালয় ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত এস.এম.সি সদস্য | ২ | জন (হাজার) | ০.৪৪ | ০.৯৬ | ০.৪৪ | ০.৪৪ | ০.৪৪ | ০.৪৪ | ০.৪৪ |
| ৪. গবেষণা | সম্পাদিত গবেষণা | ২ | সংখ্যা | ২ | ৩ | ২ | ৭ | ৭ | ৭ | ৭ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০৪১০০ - জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি | ১-৩ | ৮,৬৪,৯৪ | ১৩,০০,০০ | ১১,৯৭,০৩ | ১৩,৬৫,০০ | ১৪,৮৮,০০ | ১৬,২২,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৮,৬৪,৯৪** | **১৩,০০,০০** | **১১,৯৭,০৩** | **১৩,৬৫,০০** | **১৪,৮৮,০০** | **১৬,২২,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৮,৬৪,৯৪** | **১৩,০০,০০** | **১১,৯৭,০৩** | **১৩,৬৫,০০** | **১৪,৮৮,০০** | **১৬,২২,০০** |
| মোট : | | **৮,৬৪,৯৪** | **১৩,০০,০০** | **১১,৯৭,০৩** | **১৩,৬৫,০০** | **১৪,৮৮,০০** | **১৬,২২,০০** |

## ৬.৫ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

**৬.৫.১ সাম্প্রতিক অর্জন:** প্রাথমিক বিদ্যালয়সমূহে ১০০% উপস্থিতি, ঝরে পড়া রোধ ও মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের জন্য ৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ০৭টি থানা প্রাথমিক শিক্ষা অফিস পরিদর্শন করা হয়েছে।

### ৬.৫.২ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিদ্যালয় পরিদর্শন | পরিদর্শন কার্যক্রম | ১ | সংখ্যা | | | ৪৫ | ৪৫ | ৪৮ | ৫০ | ৫০ |

## ৬.৫.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| প্রযোজ্য নয়। | | | | | | | |